

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-প্রাগম/তৎশৃঃ/বিমা-৬৬/২০১১- ৪৮৬

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩
২৯ আগস্ট ২০১৬

আদেশ

যেহেতু, জনাব মো: ছাইয়াদুজ্জামান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, তিনি জবাবে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা না করায় বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব মোঃ নবী হোসেন তালুকদার, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে সেহেতু, জনাব মো: ছাইয়াদুজ্জামান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা (প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝালকাঠি)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

২৯/০৮/২০১৬

(মোঃ হমায়ুন খালিদ)

সচিব

স্মারক নং-প্রাগম/তৎশৃঃ/বিমা-৬৬/২০১১- ৪৮৬

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৩
২৯ আগস্ট ২০১৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৫। প্রেগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।
- ৭। জনাব মো: ছাইয়াদুজ্জামান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।
- ৮। অফিস কপি।

(সরদার মোঃ কেরামত আলী)

উপ-সচিব (তদন্ত ও শৃঙ্খলা)

ফোন-৯৫৭৬৬৯১